অস্ত্র ও ইয়াবাসহ শ্রমিক লীগ নেতা গ্রেফতার

লক্ষ্মীপুরের রায়পুরে অস্ত্র ও ইয়াবাসহ শ্রমিক লীগ নেতা জহির সর্দারকে গ্রেফতার করেছে র্যাব-১১ লক্ষ্মীপুর ক্যাম্প। শনিবার রাত ৯টার দিকে তাকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে ১টি এলজি, ১ রাউন্ড গুলি ও ১’শ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

জহির সর্দার রায়পুর পৌরসভার ৭নং ওয়ার্ডের দেনায়েতপুর গ্রামের আবদুর রহিমের ছেলে। সে পৌর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করছেন।
বিষয়টি র্যাব-১১ লক্ষ্মীপুর ক্যাম্পের কোম্পানি অধিনায়ক নরেশ চাকমা নিশ্চিত করেছেন।

র্যাবের কোম্পানি অধিনায়ক বলেন, জহির দীর্ঘদিন থেকে অস্ত্র ও মাদক ব্যবসার সাথে জড়িত। সে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের তালিকাভুক্ত মাদক ব্যবসায়ী। তাছাড়া তার বিরুদ্ধে থানায় মাদকসহ ১৩টি মামলা রয়েছে।